

০৪

চট্টগ্রাম মেডিকেল  
কলেজ হাসপাতালে  
ছাত্র সংঘর্ষ ॥  
আহত ৩  
(চট্টগ্রাম অফিস)  
গতকাল (সোমবার) রাত সাড়ে  
৮টায় চট্টগ্রাম মেডিকেল কলেজ  
হাসপাতাল ক্যাম্পাসে জাতীয়তা-  
বাদী ছাত্রদল ও ছাত্রলীগ (হা-অ)  
(শেষ পৃ: ৫-এর ক: স্র:)

মেডিক্যাল সংঘর্ষ  
(১ম পৃ: পর)  
কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। প্রায়  
১৫ মিনিট স্থায়ী এ সংঘর্ষে উভয়-  
পক্ষে ব্যাপক গুলী ও বোমা বিস্ফো-  
রণের ঘটনা ঘটে। সংঘর্ষে ৩ জন  
গুরুতর আহত হয়। তন্মধ্যে  
ছাত্রদল কর্মী জয়দেবকে গুলীবিক্ষ  
অবস্থায় রাত সাড়ে ১০ টায় এ  
রিপোর্ট লেখা পর্যন্ত অপারেশন  
থিয়েটারে অস্ত্রপচারের চিকিৎসায়  
রাখা হয়। উল্লেখ্য আগামী ২৭শে  
জুন চট্টগ্রাম মেডিকেল কলেজ  
সংসদ নির্বাচন উপলক্ষে সন্ধ্যায়  
ছাত্রলীগ (হা-অ) এর এক পরি-  
চিতি সভার নিকটে এই সংঘর্ষের  
ঘটনা ঘটে। এ সময় জাতী-  
য়তাবাদী ছাত্রদলের একটি মিছিল  
চলিতোছিল।